19

দৈনিক বাংলা

তারিখ ... 19 DEC 1994 ...
পৃষ্ঠা ৮ কলাম ৪

ঢাকা ভার্সিটি

# অনার্স ও মাস্টার্স পরীক্ষা নির্ধারিত তারিখেই হবে ঃ সমঝোতা

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ** ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ নির্ধারিত তারিখ থেকে অনার্স ও মাস্টার্স পরীক্ষা শুরু করার বিষয় নিয়ে পরীক্ষার্থীদের সঙ্গে সমঝোতায় পৌঁছেছেন। আগামী ১৪ জানুয়ারী থেকে এই পরীক্ষা শুরু হবে।

রোববার ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রক্টর ডঃ নজরুল ইসলামের সঙ্গে পরীক্ষার্থীদের এক বৈঠক প্রক্টরের কার্যালয়ে অনুষ্ঠিত হয়।

বৈঠকে প্রক্টর তাদের জানান, পরীক্ষা নির্দিষ্ট তারিখেই শুরু হবে তবে পবিত্র রমজান মাসের নির্ধারিত পরীক্ষাগুলোর সময়সূচীর রদবদল করা হবে। প্রক্টর তাদের জানান, রমজান মাসে অনুষ্ঠিত পরীক্ষাগুলো শুধুমাত্র সকালে হবে। এ সময়ে বিকালে অনুষ্ঠেয় সকল পরীক্ষা সকালে শিফট করা হবে। তিনি আরও জানান, প্রতিটি পরীক্ষার পর পরীক্ষার্থীদের সুবিধার জন্য বেশ কিছুদিন বিরতি দেয়া হবে। গত রাতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রক্টর ডঃ নজরুল ইসলাম দৈনিক বাংলাকে এই সমঝোতার কথা জানান।

**ধর্মঘট পালিত**

পরীক্ষা পেছানোর দাবিতে পূর্বঘোষিত ঢাকা বিশ্ববিদ্যালয়ে ছাত্র ধর্মঘট রোববার পালিত হয়েছে। ধর্মঘট চলাকালে কোন ক্লাস হয়নি। দুপুরের দিকে ছাত্রছাত্রীরা ক্যাম্পাসে একটি মিছিল বের করে। অপরাজেয় বাংলার পাদদেশে এক সমাবেশে পরীক্ষা পেছানোর দাবি করে।